ডেইলি
দেশের কথা

ইন্টারনেট সংস্করণ : www.dailydesherkatha.com

□ বর্ষ ৩৪ □ সংখ্যা ২০ □ আগরতলা ৩রা সেপ্টেম্বর, ২০১২ □ ১৭ই ভাদ্র, ১৪১৯ সোমবার REGD NO. RN 34238/79 Postal Regn. No. NE-983-2009-11 মূল্য : ২ টাকা ৫০ পয়সা

রসায়নের জটিল বিষয় মনে রাখার সূত্র উদ্ভাবন করলেন রাজ্যের অধ্যাপক

নিজস্ব প্রতিনিধি।। আগরতলা, ২ সেপ্টেম্বর : রসায়নের সংকরায়ণের জটিল সব বিষয় কি করে সহজে মনে রাখা যায়? এই মনে রাখার পন্থাটিই বাতলে দিয়েছেন অধ্যাপক অরিজিত দাস। কৈলাসহরের ছেলে। বর্তমানে আছেন ধর্মনগর কলেজের রসায়ন বিভাগের প্রধান হিসাবে। ছাত্র-ছাত্রীদের মনে রাখার যে উপায় তরুণ এই অধ্যাপক আবিষ্কার করেছেন তা এবার থেকে পাঠ্যক্রম হিসাবে চালু হতে যাচ্ছে দেশের চারটি বিশ্ববিদ্যালয়ে।

অরজিত দাস জানিয়েছেন, ১৯৯০ সাল থেকে ছাত্র পড়াই। সব সময় চিন্তা থাকতো ছাত্র-ছাত্রীদের কী করে সহজে রসায়নের জটিল বিষয় বুঝিয়ে দেয়া যায়। অজৈব বা জৈব রসায়নের হাইব্রিটাইজেশন বা সংকরায়ণ নিয়ে ছাত্র- ছাত্রীরা সবচেয়ে সমস্যায় পড়েন। এক একটি প্রশ্নের উত্তর খুঁজতে সাত/ আট মিনিট চলে যায়। এ নিয়ে সব সময় চিন্তা থাকতো। একদিন ঘুমাচ্ছিলাম। হঠাৎ মনে হল একটি সূত্র পাওয়া গেছে। সঙ্গে সঙ্গে ঘুম থেকে উঠে সেই সূত্র লিখে রাখি। পরদিন সেই সূত্র নিয়ে বসি। ছাত্র-ছাত্রীদের মধ্যে খাটাই নতুন সে

সূত্র। দেখা যায় যে প্রশ্নের উত্তর খুঁজতে সাত/ আট মিনিট সময় লাগতো, এখন এক মিনিটে ২০/২৫টি প্রশ্নের উত্তর দেয়া যাচ্ছে।'

দিল্লি থেকে প্রকাশিত কেমেস্ট্রি টুডে'তে অরিজিত দাসের উদ্ভাবিত সূত্র প্রকাশিত হয় গত বছর। এরপর গত এক বছর বিভিন্ন জায়গায় পরীক্ষিত হয় এই সূত্র। এ বছর ইন্টারনেশন্যাল ইউনিয়ন অব পিওয়র এন্ড অ্যাপ্লাইড কেমেস্ট্রি থেকে চিঠি দিয়ে অরিজিত দাসকে জানানো হয় তার বের করা সূত্রটি ঠিক আছে। গত বছর থেকে ধর্মনগর কলেজে অধ্যাপনা করছেন তিনি। এর আগে কাজ করেছেন স্টেট ফরেনসিক ল্যাবরেটরিতে। এ বছর ব্রিটেনের দুটি বিজ্ঞান পত্রের বিশ্লেষক বা সমালোচক হিসাবে নিযুক্ত হয়েছেন তিনি। সবচেয়ে বড় কথা নেহু, বর্ধমান, কলকাতা এবং ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে তার প্রবর্তিত সূত্র মোতাবেক এখন থেকে ছাত্র-ছাত্রীদের রসায়ন পড়ানো হবে। অরিজিত দাস জানিয়েছেন, 'আমার প্রবর্তিত সূত্র নবম থেকে স্নাতকোত্তর পর্যন্ত ছাত্রছাত্রীদের সাহায্য করবে।'

বর্তমানে ইন্ডিয়ান কেমেস্ট্রি সোসাইটি, ইন্ডিয়ান একাডেমি অব ফরেনসিক সায়েন্স, ইন্ডিয়ান সায়েন্স কংগ্রেস, ত্রিপুরা ক্যামিকেল সোসাইটি, ত্রিপুরা কলেজ টিচার্স এসোসিয়েশনের সদস্য তিনি।